



সেলফ হ্যান্ড : বরিশালের এক অনন্য উদ্যোগ

বরিশাল মহানগরের ১০ নম্বর ওয়ার্ডের ঘনবসতিপূর্ণ এলাকা ভাটারখাল। এখানেই শুরু হয়েছে এক অনন্য উদ্যোগ 'সেলফ হ্যান্ড'। করোনভাইরাসের আক্রমণ থেকে এলাকাবাসীর সুরক্ষায় ইয়ুথ এন্ডিং হাজারের সাবেক নেতা আওলাদ হোসেন রাকিব পুরনো একটি সিটিজেনস ইয়ুথ লিডারদের এলামনাই হিসেবে সংগঠিত করে শুরু করেছেন এই উদ্যোগ।

এলামনাই সদস্যরা এলাকায় 'কোভিড-১৯ এর সংক্রমণ থেকে বাঁচতে করণীয়' শীর্ষক দুইটি মতবিনিময় সভা করেন, যাতে এলাকাবাসীর সাথে ওয়ার্ড কাউন্সিলরও অংশগ্রহণ করেন। এলাকার পরিস্থিতি অনুধাবন এবং করণীয় নির্ধারণের জন্য স্থানীয় তরুণদের অংশগ্রহণে সামাজিক মানচিত্র অঙ্কন করা হয়। মানচিত্র অঙ্কন এবং পরবর্তীতে ঘরে ঘরে জরিপের মাধ্যমে এলাকার মানুষদের সচেতনতা, পেশা, দারিদ্র্য ইত্যাদির তথ্য বেড়িয়ে আসে। দেখা যায়, প্রায় শতভাগ মানুষ করোনভাইরাস সম্পর্কে অসচেতন, ৬৭টি পরিবারের ১০৩ উপার্জনশীল ব্যক্তির প্রায় সকলেই পেশায় দিনমজুর অথবা রিকশাচালক, প্রতিটি পরিবারের আয় দারিদ্র্যসীমার নিচে।



রাকিবদের নেতৃত্বে এলাকার তরুণদের নিয়ে 'সেলফ' এবং একটি সিটিজেনসদের নিয়ে 'হ্যান্ড' নামে দুইটি টিম গঠন করা হয়। 'সেলফ' টিম শুরুতে প্রতিটি পরিবারে কোভিড-১৯ মোকাবেলার জন্য একজন করে 'কোভিড ফাইটার' তৈরি করে, যারা তাদের পরিবারে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করেন। এই টিম প্রথমত, প্রতিটি বাড়িতে এবং এলাকায় হাত ধোয়া, গ্লাভস পরা, মাস্ক পরা, শারীরিক দূরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা সৃষ্টি করে, যার লক্ষ্য হলো মানুষের অভ্যাস ও আচরণে পরিবর্তন আনা এবং নিজের সুরক্ষার দায়িত্ব নিজে নেওয়া। 'সেলফ' টিম প্রতিদিন জীবাণুনাশক এলাকার বিভিন্ন জায়গায় ওয়ুধ ছিটায়। দ্বিতীয়ত, ভাইরাসের লক্ষণ দৃশ্যমান-এমন ব্যক্তিদের পৃথক থাকতে এবং স্বাস্থ্যসেবা পেতে 'হ্যান্ড' টিমকে অবগত করা এবং তৃতীয়ত, এমন ব্যক্তি ও পরিবার, যারা উপার্জনহীন হয়ে খাদ্যসংকটে আছে, তাদের তালিকা প্রণয়ন করে 'হ্যান্ড' টিমের কাছে তালিকা পাঠায়। তালিকায় অগ্রাধিকার পায় নারীপ্রধান পরিবার এবং শিশু ও প্রতিবন্ধী সদস্য রয়েছে-এমন পরিবার।

'হ্যান্ড' টিমের কাজ হচ্ছে পুরো কার্যক্রমটি সমন্বয়করা এবং 'কমিউনিটি ফিলানথ্রপি' অর্থাৎ এলাকার মানুষের সহায়তা নিয়ে অর্থ, খাদ্যদ্রব্য,

আইসোলেশনের ব্যবস্থা, স্বাস্থ্য সেবার ব্যবস্থাসহ অন্যান্য অত্যাাবশ্যক সামগ্রী সহায়তা হিসেবে প্রদান করা।

'সেলফ হ্যান্ড'-এর এই উদ্যোগে এখন পর্যন্ত বাটারখাল করোনভাইরাস সংক্রমণ থেকে মুক্ত আছে। 'আমার স্বাস্থ্য, আমার দায়িত্ব'-এই চেতনা থেকে প্রতিটি পরিবারে একজন করে 'কোভিড ফাইটার' কাজ করছেন।

ভাটারখাল এলাকার নারীদেরকে পাবারিক সহিংসতা থেকে মুক্ত রাখার ব্যাপারে নজরদারি করছেন 'সেল' টিমের সদস্যরা। এছাড়াও তারা এলাকার মানুষদের জন্য সরকারি সুযোগসুবিধা ও অধিকার বিষয়ে জনগণকে তথ্য দিয়ে সহায়তা করছেন। বিধবাভাতা, বয়স্কভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা যথাযথভাবে বণ্টনের জন্য 'হ্যান্ড' টিম স্থানীয় সরকারের সাথে যোগাযোগ রেখে কাজ করছে। পাশাপাশি তারা অতিদরিদ্র পরিবারের বেকার তরুণদের বিনামূল্যে কারিগরি শিক্ষা গ্রহণের জন্য সহায়তা করছে।

'সেলফ হ্যান্ড' উদ্যোগের মাধ্যমে ৬৭টি পরিবারের জন্য ৬৭ জনকে কাউন্সেলিং-এর মাধ্যমে সচেতন করা হয়েছে, ২০টি পরিবারকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে, অনলাইন স্বাস্থ্যসেবার জন্য প্রতিটি পরিবারে চিকিৎসকদের মোবাইল নম্বর দেওয়া হয়েছে। এলামনাই টিমের সমন্বয়ক আওলাদ হোসেন রাকিবের ব্যক্তিগত উদ্যোগে ৩৬টি পরিবারে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। এই উদ্যোগে যুক্ত আছেন ইয়ুথ এন্ডিং হাজারের সাবেক নেতা এবং একটি সিটিজেন এই সাইফুল, রাকিব, তানভীর, মেথিন প্রমুখ।

স্বাধীন মিয়ার স্বপ্ন করোনাসহিষ্ণু গ্রাম



নিজের গ্রামকে করোনাসহিষ্ণু করে গড়ে তুলতে অবিরত কাজ করে যাচ্ছেন ইয়ুথ লিডার স্বাধীন মিয়া। রংপুরের গঙ্গাচড়া উপজেলার আলমবিদিতর ইউনিয়নের খামারমোহনা গ্রামকে

করোনাসহিষ্ণু গ্রামে পরিণত করতে গত ২৮ মার্চ শুরু করে এখন পর্যন্ত কাজ করছেন তিনি। এলাকায় জনসচেতনতায় প্রচারপত্র বিতরণ, পড়ে শোনানো, মানুষকে নিয়ম মেনে হাত ধুতে উৎসাহ দেওয়ার জন্য হাত ধোয়ার আয়োজন, ৩০টি অস্বচ্ছল পরিবারকে সাবান দেওয়া, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সহায়তা নিয়ে ৪০টি মাস্ক বিতরণ, এলাকাকে জীবাণুমুক্ত রাখতে প্রায় ৪৫০ লিটার জীবাণুনাশক ছিটানো করা, গ্রামসংলগ্ন বাজারে সচেতনতামূলক পোস্টার ইত্যাদি কার্যক্রম পরিচালনা করছেন। এছাড়াও স্বাধীন কর্মহীন অস্বচ্ছল ৪৭টি পরিবারে নিজে এবং এলাকার স্বচ্ছল ব্যক্তিদের সহায়তা নিয়ে গত ঈদের আগে সেমাই ও চিনি বিতরণ করেন। এলাকার বাইরে থেকে গ্রামে ফিরে আসা ১২ জন ব্যক্তির হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করেন তিনি। স্বাধীন বিশ্বাস করেন, তার উদ্যোগ এবং মানুষের সচেতনতার মাধ্যমে তাদের গ্রাম এখন পর্যন্ত করোনামুক্ত আছে এবং ভবিষ্যতেও থাকবে।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাজার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাজার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

yeh.thpbd.org | thpbd.org

facebook.com/YEHBD

হেয়ার্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE HUNGER PROJECT